# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**06-04-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) অ্যাডজুডিকেশনের কাজ শেষ করে আজকেই সর্বশেষ সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশ করার নির্দেশ দিয়েছে সর্বোচ্চ আদালত।

২) মালদায় কালিয়াচকের মোথাবাড়িতে জুডিশিয়াল আধিকারিকদের হেনস্থার ঘটনায় সুপ্রিম কোর্ট, রাজ্যের মুখ্য সচিব, ডিজিপি সহ প্রশাসনের অন্য আধিকারিকদের তীব্র ভৎর্সনা করেছে এবং জানিয়েছে, রাজ্য প্রশাসন যদি পরিস্থিতি সামলাতে ব্যর্থ হয়, সেক্ষেত্রে কি করণীয়, তা আদালত স্থির করবে।

৩) রাজ্য বিধানসভার  প্রথম দফার নির্বাচনের জন্য মনোনয়ন জমা দেওয়ার কাজ আজ শেষ হয়েছে।

৪) প্রধানমন্ত্রী বিজেপির প্রতিষ্ঠা দিবসে এক বার্তায় বলেছেন, পশ্চিমবঙ্গ এবং কেরালামে বহু দলীয় কর্মী হিংসার রাজনীতির শিকার হলেও তারা ভীত নন।

৫) আজ দক্ষিণবঙ্গের সব জেলাতেই ঝড় বৃষ্টির সম্ভাবনা।

৬) আইপিএল ক্রিকেটে ইডেন গার্ডেন্সে আজ পাঞ্জাব কিংসের বিরুদ্ধে কলকাতা নাইট রাইডার্স টসে জিতে প্রথমে ব্যাট করছে।

---

অ্যাডজুডিকেশনের কাজ শেষ করে আজকেই **সর্বশেষ সাপ্লিমেন্টারি তালিকা** প্রকাশ করার নির্দেশ দিয়েছে সর্বোচ্চ আদালত। বিচারকরা প্রয়োজনে আগামীকাল পর্যন্ত ডিজিটাল স্বাক্ষর বা ই-সাইন করতে পারবেন।

এদিকে, পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী এসআইআর-এর পর অ্যাডজুডিকেশনে থাকা তালিকা থেকে বাদ যাওয়া নাম, পুনর্বিবেচনার জন্য অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজ দ্রুত সম্পন্ন করতে সুপ্রিম কোর্ট, তিনজন অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি বা বিচারপতি নিয়োগ করার নির্দেশ দিয়েছে। কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে এই কমিটি গঠন করতে হবে। প্রধান বিচারপতি সূর্যকান্ত ও দুই বিচারপতি জয়মাল্য বাগচী ও বিপুল এম পাঞ্চোলির বেঞ্চ জানিয়েছেন, এসআইআর-এ নিযুক্ত ১৯ টি অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নজরদারি চালাবে এই কমিটি। এখনও পর্যন্ত ৬০ লক্ষের মধ্যে ৫৯ লক্ষ নামের দাবি এবং আপত্তির নিষ্পত্তি হয়েছে। তাদের নির্ধারিত প্রক্রিয়ায় ১৯ টি ট্রাইব্যুনালকে বাধ্যতামূলকভাবে অনুসরণ করতে হবে বলে শীর্ষ আদালত জানিয়েছে। সমস্ত অ্যাপিল শুধুমাত্র কলকাতাতেই দাখিল করতে হবে, নাকি তা অন্য জায়গাতেও করা যাবে, তা এই তিন বিচারপতিই সিদ্ধান্ত নেবেন। আগামীকালের মধ্যে সংশ্লিষ্ট প্রক্রিয়া নির্ধারণ করা হবে বলে সুপ্রিম কোর্ট আশা প্রকাশ করেছে।

ইতোমধ্যেই জেলাশাসকের দপ্তরে যারা অফলাইনে আবেদন জানিয়েছেন, তাদের রিসিট দেওয়ারও নির্দেশ দিয়েছেন শীর্ষ আদালতের বেঞ্চ।

এসআইএর-এর কাজে যুক্ত জুডিশিয়াল আধিকারিকদের সাম্মানিক বেতন অবিলম্বে মিটিয়ে দেওয়ার ব্যবস্থা করতে আজ নির্বাচন কমিশনকেও নির্দেশ দেওয়া

হয়েছে। আগামীকাল একটি বিজ্ঞপ্তি জারি করে বিচারকদের প্রাপ্ত বেতন মেটানোর বিষয়ে জানাতে হবে।

১৩ ই এপ্রিল বেলা তিনটেয় এই মামলার পরবর্তী শুনানি ধার্য হয়েছে।

------------------

ভোটার তালিকা সংক্রান্ত আপিল প্রক্রিয়া মসৃণ করতে  নির্বাচন কমিশন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে আরেকজন  অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক কে নিয়োগ করেছে। আইএএস আধিকারিক বিভূ গোয়েলকে অবিলম্বে দায়িত্ব গ্রহণ করতে নির্দেশ দিয়েছে কমিশন। এসআইআর প্রক্রিয়ার অধীনে গঠিত আপিল ট্রাইবুনালগুলির সঙ্গে সমন্বয়ের দায়িত্বে থাকবেন তিনি। নির্বাচন কমিশন, হাইকোর্ট এবং ট্রাইবুনালের বিচারপতিদের মধ্যে যোগাযোগ রক্ষা করা তাঁর প্রধান কাজ।

এছাড়াও ট্রাইবুনালের পরিকাঠামো, লজিস্টিকস, নিরাপত্তা ব্যবস্থা ও প্রযুক্তিগত সহায়তার প্রস্তুতি তদারকি করবেন শ্রী গোয়েল। আপিল সংক্রান্ত তথ্যের রিয়েল-টাইম আপডেট এবং বিচারপতিদের বিভিন্ন প্রশ্ন বা সমস্যার সমাধানেও তাঁর ভূমিকা থাকবে।

------------------

মালদায় কালিয়াচক মোথাবাড়িতে এসআইআর-এর কাজে যুক্ত সাত জুডিশিয়াল আধিকারিককে ঘেরাও ও হেনস্থার ঘটনায় সুপ্রিম কোর্ট, রাজ্যের মুখ্য সচিব, ডিজিপি সহ প্রশাসনের অন্য আধিকারিকদের তীব্র ভৎর্সনা করেছে এবং প্রধান বিচারপতি সূর্যকান্ত স্পষ্ট জানিয়েছেন, রাজ্য প্রশাসন যদি পরিস্থিতি সামলাতে ব্যর্থ হয়, সেক্ষেত্রে কি করণীয়, তা আদালত স্থির করবে।

অবিলম্বে এসংক্রান্ত যাবতীয় মামলার সমস্ত নথি এনআইএ-র হাতে তুলে দিতে রাজ্য পুলিশকে নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। প্রধান বিচারপতি সূর্যকান্ত ও দুই বিচারপতি জয়মাল্য বাগচী ও বিপুল এম পাঞ্চোলির বেঞ্চ, ঐদিন বিপদে পড়ে বিচারকরা বারবার সাহায্য চাইলেও কেন তাদের ফোন ধরা হয়নি, তা নিয়ে আদালতে উপস্থিত রাজ্যের মুখ্য সচিব ও রাজ্য পুলিশের মহানির্দেশককে প্রশ্ন করেন। মুখ্য সচিব এজন্য ক্ষমা চাইলেও প্রধান বিচারপতি বলেন, প্রশাসনের আমলাদের দায়িত্ব সম্পর্কে আরও সচেতন থাকা প্রয়োজন।

অ্যাডিশানাল সলিসিটার জেনারেল এ ভি রাজু জানিয়েছেন, বিচারকদের ঘেরাওয়ের জন্য তিনটি এফআইআর দায়ের হয়েছে। পাশাপাশি এলাকা অবরোধের জন্য দায়ের করা হয়েছে ৯ টি এফআইআর। মোট ১২ টি এফআইআর-এর তদন্তই এনআইএ-কে করতে হবে। ঐ ঘটনায় ২৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে, যাদের মধ্যে চিহ্নিত মূল অভিযুক্ত ৫ জন। এছাড়াও ৩০৯ জন রয়েছে সন্দেহভাজনের তালিকায়। সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে গোটা ঘটনার বিশ্লেষণ করা হচ্ছে বলেও আদালতকে জানানো হয়েছে।

জুডিশিয়াল আধিকারিককে হুমকির বিষয়ে প্রধান বিচারপতি সূর্যকান্ত জানিয়েছেন,

শীর্ষ আদালত তদন্তের পর কলকাতার এনআইএ-র আদালতে চূড়ান্ত রিপোর্ট পেশ করার জন্য জাতীয় তদন্তকারী সংস্থাকে নির্দেশ দেওয়া হয়েছে। তবে তার আগে ১৩ ই এপ্রিল শীর্ষ আদালতেও একটি রিপোর্ট পেশ করতে হবে। যে দুজনকে মূল চক্রী হিসাবে গ্রেপ্তার করা হয়েছে, তাদের অবিলম্বে এনআইএ হেফাজতে হস্তান্তর করারও নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

এদিকে, কলকাতা হাইকোর্টের বার অ্যাসোসিয়েশন, মোথাবাড়ির ঘটনার মূল অভিযুক্ত হিসাবে ধৃত মোফাক্কারুল ইসলামের আইনজীবী হিসাবে সদস্য পদ সাসপেন্ড করেছে।

------------------

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য মনোনয়ন জমা দেওয়ার আজই শেষদিন। আগামীকাল জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৯ই এপ্রিল। এই পর্যায়ে ১৫২টি আসনে আগামী ২৩ শে এপ্রিল ভোট নেওয়া হবে।

নদিয়ার রানাঘাট মহকুমা শাসকের দপ্তরে রানাঘাট দক্ষিণ ও রানাঘাট উত্তর পূর্ব কেন্দ্রের দুই তৃণমূল প্রার্থী মনোনয়নপত্র জমা দেন। অন্যদিকে, রানাঘাট মহকুমা শাসকের দপ্তরে বিজেপি, শান্তিপুর, রানাঘাট উত্তর এবং পশ্চিম কেন্দ্রের তিনজন প্রার্থী মনোনয়ন পত্র জমা দেন। পাশাপাশি কল্যাণী মহকুমা শাসকের দপ্তরে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে কল্যাণী, হরিণঘাটা ও চাকদা কেন্দ্রের প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেন।

দক্ষিণ কলকাতার তৃণমূল কংগ্রেসের জেলা যুব সাধারণ সম্পাদক মহম্মদ জাইদ তৃণমূল ছেড়ে মিমে যোগ দিয়েই মুর্শিদাবাদ জেলার সুতি বিধানসভার মিম প্রার্থী হলেন।

এদিন তৃণমূলের তরফে পুরুলিয়া আসনের জন্য মনোনয়ন দাখিল করেন প্রবীণ তৃনমূল নেতা তথা পুরুলিয়া জেলা পরিষদের সহ সভাধিপতি সুজয় বন্দ্যোপাধ্যায়।

------------------

ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জমে উঠেছে প্রচারাভিযান। বিজেপির তারকা প্রচারক তথা কেন্দ্রীয় মন্ত্রীরা রাজ্যে নির্বাচনী প্রচারে যোগ দিচ্ছেন।

কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং আজ সন্ধ্যায় কলকাতায় এসেছেন। আগামীকাল তিনি ব্যারাকুপর বিধায়নসভায় দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা ও রোড শো করবেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আগামী শনিবার পুরুলিয়ার বাগমুন্ডিতে নির্বাচনী প্রচারে অংশ নেবেন। শ্রী শাহের সভাকে ঘিরে শুরু হয়েছে জোরদার প্রস্তুতি। বাগমুন্ডির কুশলডি ক্রিকেট ময়দান সহ একাধিক এলাকা আজ ঘুরে দেখেন সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো সহ দলীয় নেতা কর্মীরা। সভাকে কেন্দ্র করে ইতোমধ্যেই তৈরি হয়েছে ব্যাপক উৎসাহ।

অন্যদিকে, রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ দলীয় প্রার্থীর সমর্থনে নদীয়ার কৃষ্ণনগরে প্রচারে যোগ দেন। আসন্ন বিধানসভা নির্বাচনে জয় নিয়ে প্রত্যয় ব্যক্ত করে শ্রী অধিকারী অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেসের আমলে শুধুমাত্র রাজনৈতিক কর্মীরা নন, কোনো সাধারণ মানুষই সুরক্ষিত নন।

বাইট

নির্বাচনী প্রচারে বেরিয়ে আজ বর্ধমান উত্তর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রা৪থী সঞ্জয় দাস রায়ান বাধার মুখে পড়েন। তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকরা তাকে বাধা দিলে এলাকায় সাময়িকভাবে উত্তেজনা ছড়ায়। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী পরিসিথিত নিয়ন্ত্রণে আনে।

তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও আজ নদীয়ায় একাধিক জনসভায় অংশ নিয়েছেন। নাকাশিপাড়ার বেথুয়াডহরীতে এক জনসভায় বিভিন্ন ইস্যুতে কেন্দ্রীয় সরকারের সমালোচনায় সরব হন। রাজ্য থেকে আইপিএস আইএএস-দের

ভোটের সময়ে অন্য রাজ্যে নিয়ে যাওয়া নিয়ে তীব্র ক্ষোভ ব্যক্ত করে মুখ্যমন্ত্রী বলেন, বিশেষ উদ্দেশ্য নিয়ে অন্য রাজ্যের আমলাদের এরাজ্যে নিয়ে আসা হচ্ছে।

বাইট

মুখ্যমন্ত্রী এরপর পূর্ব বর্ধমানের একাধিক দলীয় প্রার্থীর সমর্থনে সমুদ্রগড়ে জনসভা করেন। সেখান থেকেও কেন্দ্রের বিজেপি সরকারের বিরুদ্ধে সরব হন তিনি।

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী নির্বাচনী প্রচারে নেমে আজ বিভিন্ন জায়গায় পদযাত্রা এবং জনসংযোগ সারেন। ফারাক্কার কংগ্রেস প্রার্থী মহতাব শেখের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হওয়ায় সন্তোষ ব্যক্ত করেন তিনি। অধীর বাবু বলেন, তাদের রাজ্য সরকার এসআইআর নিয়ে রাজনীতি করেছে। তাদের অসহযোগিতার কারণেই এসআইএর-এ লক্ষ লক্ষ মানুষের নাম বাদ পড়েছে।

বাইট

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বিজেপি ভারতীয় রাজনীতিতে **দেশই প্রথম এই ভাবনা নতুন নীতি** প্রণয়ন করেছে। দলের ৪৭ তম প্রতিষ্ঠা দিবসে আজ এক ভিডিও বার্তায় শ্রী মোদী বলেন, সুপ্রশাসন এবং সমাজের প্রান্তিকতম মানুষের কাছে সরকারি সুবিধা পৌঁছে দেওয়ার প্রতীক হয়ে উঠেছে এই দল। দীর্ঘ সময় পর দেশে কোনো রাজনৈতিক দল এই বিপুল সংখ্যক জনসমর্থন লাভ করেছে। হিংসাকে রাজনীতির অংশ করা নিয়ে তার আজকের বার্তায় পশ্চিমবঙ্গের কথা উঠে আসে। প্রধানমন্ত্রী বলেন, পশ্চিমবঙ্গ এবং কেরালামে হিংসার রাজনীতির শিকার হয়েছেন বহু দলীয় কর্মী।

তারপরেও বিজেপি কর্মীরা ভয় পাননি। কঠিন পরিস্থিতিতেও অফুরন্ত প্রাণ শক্তি নিয়ে তারা এগিয়ে চলেছেন বলে তিনি জানান।

বাইট প্রধানমন্ত্রী

বিজেপির প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ কলকাতায় দলের সদর কার্যালয়ে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য সেখানে দলীয় পতাকা উত্তোলন করেন এবং শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। এক সোশ্যাল মিডিয়া বার্তায় রাজ্য সভাপতি বলেন, এই দিনটি অসংখ্য ত্যাগ, সংগ্রাম ও আত্মনিবেদনের অমূল্য ইতিহাস। দলের অগণিত কর্মীর নিরলস পরিশ্রম এবং অটল বিশ্বাস দিনটির সঙ্গে জড়িয়ে আছে।

-----------------

রাজ্যসভায় তৃণমূল কংগ্রেস ও বিজেপি মিলিয়ে এই রাজ্য থেকে নবনির্বাচিত ৫ জন সাংসদ আজ শপথ নিয়েছেন। তৃণমূল কংগ্রেসের রাজীব কুমার, মেনকা গুরুস্বামী, কোয়েল মল্লিক, বাবুল সুপ্রিয় ছাড়াও বিজেপির রাহুল সিনহাকে শপথ বাক্য পাঠ করার দেশের উপরাষ্ট্রপতি তথা রাজ্যসভার চেয়ারম্যান সিপি রাধাকৃষ্ণন।

-----------------

ওড়িশা এবং সংলগ্ন এলাকায় একটি ঘূর্ণাবর্ত অবস্থান করায় বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করছে যার ফলে আজ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পশ্চিমের জেলাগুলিতে কোথাও কোথাও ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে পারে। ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর জেলায় শিলাবৃষ্টিরও সম্ভাবনা রয়েছে।

আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে, ৮ তারিখে তা আরো বেশি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন।

-----------------

ইডেন গার্ডেনসে আজ আইপিএলের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, পাঞ্জাব কিংসের মুখোমুখি হয়েছে। টসে জিতে নাইট রাইডার্স ব্যাট করছে। বৃষ্টির জন্য এখন খেলা বন্ধ রয়েছে। নাইট রাইডার্স তিন ওভার চার বলে দুই উইকেটে ২৫ রান করেছে।

----------------- -----------------